

“শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা”


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়  
মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল  
[www.dwa.narail.gov.bd](http://www.dwa.narail.gov.bd)

স্মারক নম্বর : ৩২.০১.০০০০.৬৫০০.০৬.২৩- ৫০০

তারিখ : ১২/১০/২০২৩ খ্রি.

বিষয় : উপপরিচালকের কার্যালয় মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল এর অক্টোবর ২০২৩ মাসের জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যপত্র  
প্রদান প্রসঙ্গে।

- ১ সেপ্টেম্বর-২৩ মাসের “মহিলাদের আত্ম-কর্মস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় নড়াইল জেলায় ১৯০৬জন দুঃস্থ মহিলার মাঝে (ক্রমপঞ্জিত) ১৭৫০৪০০০/-টাকা ঋণ বিতরণ করা হয়েছে। সেপ্টেম্বর ২০২৩ মাসে ৩৬০০০/-টাকা আদায় করা হয়েছে।
- ২ সেপ্টেম্বর-২৩খ্রি. মাসে ভারনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় নড়াইল সদর, লোহাগড়া ও কালিয়া উপজেলায় সর্বমোট ৭০৭০ জন উপকাভোগীকে ২১২.১০০ মে:টন খাদ্য বিতরণ করা হয়েছে।
- ৩ মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির আওতায় নড়াইল জেলার নড়াইল সদর, লোহাগড়া ও কালিয়া, উপজেলায় ২০২৩-২০২৪ অর্থ বছরে নড়াইল সদর উপজেলার ১৩টি ও লোহাগড়া উপজেলার ১২টিসহ মোট ২৫টি ইউনিয়নে ৬ জন করে, কালিয়া উপজেলার ১৪টি ইউনিয়নে ১৫ জন করে এবং নড়াইল ও লোহাগড়া পৌরসভায় ১৩ জন করে ও কালিয়া পৌরসভায় ২৭ জন করে উপকার ভোগীর বরাদ্দ পাওয়া গিয়াছে। বরাদ্দ অনুযায়ী ভাতাভোগী নির্বাচনের কাজ চলছে।
- ৪ নড়াইল জেলাধীন নড়াইল সদর ২৫ টি কালিয়া ১৩টি ও লোহাগড়ায়-৪ টি সর্বমোট ৪২টি সক্রিয় স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন আছে। সক্রিয় সংগঠন গুলি যৌতুক নিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্যবিবাহ প্রতিরোধ ইত্যাদি বিষয়ে কাজ করছে।
- ৫ প্রশিক্ষণ কার্যক্রম : উপপরিচালকের কার্যালয় মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইলের “জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ” কর্মসূচির আওতায় প্রশিক্ষণ কেন্দ্রে ৩ মাস মেয়াদী ৫টি ট্রেডে (যথা আধুনিক দর্জি বিজ্ঞান ও এমব্রয়ডারী, খাদ্যদ্রব্য, প্রক্রিয়াজাতকরণ, কাগজের প্যাকেট তৈরী, মোমবাতি তৈরী ও নার্সারী ও কিচেন গার্ডেনিং)। ২০ জন করে মোট ১০০ জনকে প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এড়াছা WTC প্রশিক্ষণ কেন্দ্র লোহাগড়ায় ৩০ জন ও কালিয়া উপজেলায় ৩০ জন প্রশিক্ষণার্থী রয়েছে।
- ৬ নড়াইল জেলার নড়াইল সদর উপজেলায় ১৪টি, লোহাগড়া উপজেলায় ১৩টি কালিয়া উপজেলায় ১৫টিসহ সর্বমোট ৪২টি কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। ক্লাবে আগত কিশোর কিশোরীদের কে সংগীত শিক্ষক, আবৃত্তি শিক্ষক, জেলার প্রমোটার মাধ্যমে সাংস্কৃতিক চর্চা এবং ক্যারাটে প্রশিক্ষকের মাধ্যমে সাংস্কৃতিক চর্চাসহ আত্মরক্ষার কৌশল শেখানো হয়।
- ৭ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত এক্সিলারেটিং প্রোটেকশন ফর চিলড্রেন-(এপিসি) প্রকল্পের আওতায় নড়াইল জেলার নড়াইল সদর উপজেলায় ১৬ টি ও কালিয়া উপজেলায় ৫টিসহ মোট ২১টি হাব রয়েছে। হাবে আগত শিশু, কিশোর কিশোরীদের মাঝে বাল্যবিবাহের কুফল, মাদকের ক্ষতিকর দিক তুলে ধরে বিভিন্ন বিষয়ে সচেতনতামূলক আলোচনা করা হয়।
- ৮ নড়াইল জেলার নড়াইল সদরে ১টি ও কালিয়া উপজেলায় ১টি সর্বমোট অক্টোবর-২৩ মাসে ২টি বাল্যবিবাহ বন্ধ করা হয়েছে। অন্যান্য দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিক ভাবে চলছে।

  
২২.১০.২৩

মৌসুমী রানী মজুমদার  
উপপরিচালক (অ:দা:)  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
নড়াইল

[dwa0.narail@gmail.com](mailto:dwa0.narail@gmail.com)

☎ ০২৪৭৭৭৩২৭০ -

প্রাপক :

জেলা প্রশাসক,  
নড়াইল।

স্মারক নম্বর : ৩২.০১.০০০০.৬৫০০.০৬.২৩- ৫০০/১(২)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ১। উপপরিচালক স্থানীয় সরকার শাখা, নড়াইল।
- ২। অফিস নথি।

তারিখ : ১২/১০/২০২৩ খ্রি.